Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 24 April, 2025

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আয়োজনের জন্য সম্পূর্ণ প্রস্তুত বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরীক্ষার্থীদের সুবিধার্থে প্রথমবারের মতো বিশেষ পরিবহন সেবা চালুর ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।এতে করে দূরদূরান্ত থেকে আগত শিক্ষার্থীরা নির্বিঘ্নে কেন্দ্রে পৌঁছাতে পারবেন বলে আশা করা হচ্ছে।

আগামীকাল শুক্রবার (২৫ এপ্রিল) 'সি' ইউনিট (বাণিজ্য) এর পরীক্ষার মধ্য দিয়ে শুরু হবে এ বছরের গুচ্ছ ভর্তি পরীক্ষা কার্যক্রম।সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এক ঘণ্টাব্যাপী এই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর সূত্রে জানা গেছে, পরীক্ষার্থীদের সার্বিক সহযোগিতা ও নিরাপত্তা নিশ্চিতে সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।বিশ্ববিদ্যালয় চত্বর ও আশপাশের এলাকায় বাড়ানো হয়েছে নিরাপত্তা ব্যবস্থা।

শিক্ষার্থীদের জন্য ময়মনসিংহ টাউন হল থেকে বিশ্ববিদ্যালয়ের বাস ছাড়বে সকাল ৮টায় এবং ভালুকা থেকে সকাল ৮টা ৩০ মিনিটে।ত্রিশাল থানার সামনে থেকে শিক্ষক-কর্মকর্তাদের জন্য বাস ছাড়বে সকাল ৯টায়।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ফিরতি বাস ছাড়বে দুপুর ১২টা ৩০ মিনিটে (শিক্ষার্থীদের জন্য) এবং ১টা ৫০ মিনিটে (শিক্ষক ও কর্মকর্তাদের জন্য)।

উল্লেখ্য, 'সি' ইউনিটের পরীক্ষার পর আগামী ২ মে অনুষ্ঠিত হবে 'বি' ইউনিটের (মানবিক) ভর্তি পরীক্ষা এবং ৯ মে 'এ' ইউনিটের (বিজ্ঞান) পরীক্ষা গ্রহণ করা হবে।একই দিনে বিকেল ৩টা ৩০ মিনিট থেকে ৪টা ৩০ মিনিট পর্যন্ত স্থাপত্য বিভাগের ব্যবহারিক (ড্রইং) পরীক্ষাও অনুষ্ঠিত হবে।

সুশৃঙ্খল ও স্বচ্ছভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে সংশ্লিষ্ট সব পক্ষকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার আহ্বান জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:26

URL: https://timestodaybd.com/campus/498251375